গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০১০.২০২০- ১৩২

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৭ / ১৫ সেপ্টেম্বর ২০২০

বিষয় : "৪টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "৪টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভা গত ২৬/০৮/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মো: কামাল আতাহার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক"৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. যুগ্ম সচিব (মাদক), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা.
১৪. যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. উপপ্রধান, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "৪টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৬ আগস্ট' ২০২০ |
| সময় | : | দুপুর ১.০০ টা। |
| স্থান | : | Zoom Application Platform-এ অনুষ্ঠিত হয়। |
| সভায় উপস্থিতি | : | সভায় পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক, মদিকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্ম সচিব (মাদক), উপ প্রধান, ও সিনিয়র সহকারী প্রধান সুরক্ষা সেবা বিভাগ, সভায় অংশগ্রহণ করেন। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে তদনুযায়ী বর্তমান কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি যথাযথভাবে মেনে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। অত:পর তিনি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, "৪টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পটি ৩৬২০.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। তিনি আরো অবহিত করেন যে, বাংলাদেশসহ বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে মার্চ ২০২০ হতে সাধারণ ছুটির কারণে শ্রমিক সংকট, বর্ষা, পবিত্র ঈদ-উল-আযহা জনিত কারণে বর্তমানে নির্মাণ কাজ বন্ধ থাকলেও আগামী ০১ সপ্তাহের মধ্যে নির্মাণ কাজ পুনরায় শুরু করতঃ নির্মাণ কার্যক্রম গতিশীল করা হবে। অত:পর প্রকল্প পরিচালক ০৪(চার)টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) টেস্টিং ল্যাবরেটরি স্থাপন শীর্ষক প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

(ক) **রাজশাহী বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:**

রাজশাহী বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলায় উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরী স্থাপনের জন্য নির্মাণ কাজের কার্যাদেশ বিগত মার্চ ২০২০ মাসে প্রদান করা হয়। পরবর্তীতে নির্মাণ কাজ শুরু করলে বাংলাদেশসহ বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে মার্চ

২০২০ হতে সাধারণ ছুটির কারণে শ্রমিক সংকট এবং চলমান বর্ষার কারণে নির্মাণ কাজ স্বল্প পরিসরে অব্যাহত রাখা হয়। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয় হতে বর্ণিত প্রকল্পটিকে নিম্ন অগ্রাধিকার শ্রেণিভুক্ত করতঃ প্রকল্পের অর্থ ছাড় স্থগিত করার কারণে ঠিকাদার কাজ করতে আগ্রহ হারিয়ে ফেললেও পরবর্তীতে তাকে আশ্বস্ত করা হয়েছে।

(খ) <u>সিলেট বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:</u>

সিলেট বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরি নির্মাণে কাজের কার্যক্রম প্রদান করা হয়েছে।

(গ) <u>বরিশাল বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:</u>

বরিশাল বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের লক্ষ্যে ছাদ ঢালাই হয়েছে।

(ঘ) <u>চট্টগ্রাম বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:</u>

চট্টগ্রাম টেস্টিং ল্যাবরেটরী নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ডিপিপি এর তুলনায় বেশী হওয়ায় বিগত ১৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে এতদবিষয়ক প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পি.এস.সি.) সভার সিদ্ধান্তমতে ডিপিপি সংশোধন করার সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত ল্যাবরেটরী নির্মাণ কাজের টেন্ডার সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় নাই। সংশোধিত ডিপিপি সদয় অনুমোদিত হলে এতদবিষয়ক যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

২। প্রকল্প সংশোধনের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, চট্টগ্রামের ফ্লোর এরিয়া বৃদ্ধি করে প্রতিটি বিভাগীয় পরীক্ষাগারে লিফট এবং এতদসংক্রান্ত আনুষাঙ্গিক বিষয় অন্তর্ভুক্ত করে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব করা হয়েছে।

৩। উপপ্রধান আলোচনায় অংশ নিয়ে বলেন যে, প্রকল্পের সংশোধনের কারণ আরডিপিপি'তে সুনির্দিষ্ট করে উল্লেখ করা হয়নি, যা সুনির্দিষ্ট করে উল্লেখ করা প্রয়োজন। তিনি আরো উল্লেখ করেন যে, দেখা যাচ্ছে যে মোট ব্যয়ের ক্ষেত্রে ৪২২.৫৮ লক্ষ টাকা অর্থাৎ ১১.৬৮% বৃদ্ধি পেলে ও অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনের ফিজিক্যাল কন্টিনজেন্সি খাত হতে ২৯.৯৮ লক্ষ টাকা এবং প্রাইস কন্টিনজেন্সি খাত হতে ২৯.৯৮ টাকা অর্থাৎ প্রতিক্ষেত্রেই ৪৩.০৬% হ্রাস করা হয়েছে। সে অনুযায়ী প্রকল্প ব্যয় আরো বৃদ্ধি পাবে। ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি খাতের ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস/বৃদ্ধি করা প্রয়োজন মর্মে উপ প্রধান মতামত ব্যক্ত করেন।

৪। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি এবং আইএমইডির প্রতিনিধিও ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি হ্রাস বৃদ্ধির বিষয়ে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি অনুসরণ করার পরামর্শ প্রদান করেন। কার্যক্রম বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে চট্টগ্রামের জন্য ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫৫.৫৩% এবং অন্য ৩টির (বরিশাল, রাজশাহী ও সিলেট) জন্য ব্যয় বৃদ্ধি পেয়েছে ৩৯.১২% যা আরো পর্যালোচনা করা যেতে পারে এবং সে অনুযায়ী যৌক্তিক পর্যায়ে ব্যয় প্রাক্কলন করা যেতে পারে।

৫। উপপ্রধান আরো উল্লেখ করেন যে প্রকল্পটি বর্তমান অর্থবছরে নিম্ন অগ্রধিকার প্রকল্পের তালিকায় আছে, সে কারণে প্রকল্পের সমুদয় কাজ জুন ২০২১ এর মধ্যে সম্পন্ন করা দুরূহ হবে। এ বিবেচনায় প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে। এবিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৬। **বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(৬.১) পরিকল্পনা কমিশন কর্তৃক প্রণীত উন্নয়ন প্রকল্প সংশোধন পদ্ধতি মোতাবেক আলোচ্য প্রকল্পের ফিজিক্যাল কন্টিনজেন্সি এবং প্রাইস কন্টিনজেন্সি খাতের অর্থ হ্রাস/বৃদ্ধি সহ অন্যান্য খাতের ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস/বৃদ্ধি করে প্রথম সংশোধন প্রস্তাব করা;

(৬.২) প্রকল্প সংশোধনের কারণ সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করা;

(৬.৩) আলোচ্য প্রস্তাবিত ১ম সংশোধিত প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০১৯ জুন ২০২১ পর্যন্ত পুন: নির্ধারণ করা;

(৬.৪) পিপিআর ও অন্যান্য প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক ০৪(চার)টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের পূর্ত কাজ করা;

(৬.৫) প্রকল্প কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত পিআইসি এবং ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা;

(৬.৬) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা;

(৬.৭) প্রকল্পের সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৬.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহ প্রতিফলন করে আলোচ্য প্রকল্পের ১ম সংশোধিত মাননীয় মন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের জন্য উপস্থাপন করা।

৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।